# মডেল টেস্ট—১১

## বিষয় : বাংলা

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান— ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক ।]*

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১, ২, ৩ ও ৪ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :**

১৯৫৬ সালে উয়ারী গ্রামে খননকালে ছাপাঙ্কিত রৌপ্য মুদ্রার একটি ভাণ্ডার পান তিনি। তাতে চার হাজারের মতো মুদ্রা ছিল। ১৯৭৪-৭৫ সালের পর থেকে হাবিবুল্লাহ উয়ারী-বটেশ্বরের প্রচুর নিদর্শন সংগ্রহ করেন। পরে তিনি সেগুলো জাদুঘরে জমা দেন। অনেক পরে ২০০০ সালে এখানে শুরু হয় খনন কাজ। নেতৃত্ব দেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রত্নতত্ত্ব বিভাগের অধ্যাপক সুফি মোস্তাফিজুর রহমান। খনন করে পাওয়া যায় আড়াই হাজার বছরের প্রাচীন দুর্গ-নগর। আরও পাওয়া যায় ইটের স্থাপত্য, বন্দর, রাস্তা, গলি, পোড়ামাটির ফলক, মূল্যবান পাথর, পাথরের বাটখারা, কাঁচের পুঁতি, মুদ্রাভাণ্ডার। মুদ্রাগুলো ভারত উপমহাদেশের মধ্যে প্রাচীনতম। বিশেষজ্ঞদের ধারণা, মাটির নিচে থাকা এই স্থানটি প্রায় আড়াই হাজার বছরের পুরনো।
সে সময় শীতলক্ষ্যা নদীর পাড়ে বিস্তীর্ণ অঞ্চল জুড়ে ছিল সুসভ্য মানুষজনের বসবাস। ছিল নগর-সভ্যতা। পূর্ব-দক্ষিণ দিক দিয়ে ভৈরবের মেঘনা হয়ে এখানকার ব্যবসা-বাণিজ্য সুদূর জনপদ পর্যন্ত প্রসারিত ছিল। ঐতিহাসিকদের ধারণা, ব্রহ্মপুত্র নদ হয়ে বঙ্গোপসাগরের মধ্য দিয়ে ব্যবসা-বাণিজ্য চলত। দক্ষিণ-পূর্ব এশিয়া থেকে সুদূর রোমান সাম্রাজ্য পর্যন্ত 'উয়ারী-বটেশ্বর' রাজ্যের যোগাযোগ ছিল।

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ৫ = ৫

(i) অনুচ্ছেদটিতে কী সম্পর্কে বলা হয়েছে?
- ⓚ প্রাচীন নগর-সভ্যতার পরিচয়
- ⓚ উয়ারী-বটেশ্বর এলাকার বিবরণ
- ⓖ সভ্যতার বিবর্তনের পরিচয়
- ⓖ বাংলাদেশের প্রত্নতাত্ত্বিক নিদর্শন

(ii) বিশেষজ্ঞদের মতে এ স্থানটি কতদিনের পুরনো?
- ⓚ প্রায় তিনশ বছর
- ⓚ প্রায় আড়াই হাজার বছর
- ⓖ প্রায় পাঁচশ বছর
- ⓖ প্রায় এক হাজার বছর

(iii) খননকাজে নেতৃত্ব দেন কোন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক?
- ⓚ ঢাকা বিশ্ববিদ্যালয়
- ⓚ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
- ⓖ রাজশাহী বিশ্ববিদ্যালয়
- ⓖ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

(iv) উয়ারী-বটেশ্বরের প্রচুর প্রাচীন নিদর্শন সংগ্রহ করে জাদুঘরে কে জমা দেন?
- ⓚ হাসিবুল্লাহ পাঠান
- ⓚ হাফিজুল্লাহ পাঠান
- ⓖ হাবিবুল্লাহ পাঠান
- ⓖ শরিফুল্লাহ পাঠান

(v) উয়ারী গ্রামে ছাপাঙ্কিত রৌপ্যমুদ্রা পাওয়া যায় কত সালে?
- ⓚ ১৮৯৭
- ⓚ ১৯৫৫
- ⓖ ১৯৫৬
- ⓖ ১৯৭৪

http://teachingbd.com

২। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর লেখ : ১+২+২ = ৫

(ক) উয়ারী-বটেশ্বরের প্রাচীন নিদর্শন সংগ্রহ করেন কে?

(খ) উয়ারী-বটেশ্বর খনন করে কী কী পাওয়া যায়?

(গ) সে সময় শীতলক্ষ্যা নদীর পাড়ে কোন ধরনের সভ্যতা ছিল? এ বিষয়ে ঐতিহাসিকদের কী ধারণা ছিল?

৩। প্রদত্ত শব্দগুলোর অর্থ লেখ : ১ × ৫ = ৫

(ক) ঐতিহাসিক; (খ) জনপদ; (গ) প্রাচীন; (ঘ) নিদর্শন; (ঙ) অভিভূত।

৪। প্রদত্ত অনুচ্ছেদটির মূলভাব লেখ : ৫

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫, ৬ ও ৭ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :**

তিনিই প্রকৃত ধার্মিক যিনি সর্বজীবে দয়া করেন। তিনিই প্রকৃত বিজ্ঞ যার ভালো-মন্দ বোধ আছে। তিনিই প্রকৃত ধীর যিনি বিপদে বিচলিত হন না। তিনিই প্রকৃত জ্ঞানী যিনি পরের কারণে নিজ স্বার্থকে বলি দেন। অন্যদিকে তাকেই মূর্খ বলা যায়, যার ভালো-মন্দ বোধ থাকে না। তিনি প্রকৃত মানুষ যার মানবতাবোধ আছে। মানবতাবোধের জাগরণ ও মনুষ্যত্ব অর্জনই মানবজীবনের লক্ষ্য। সকলেরই মানুষের মতো মানুষ হওয়ার জন্য সাধনা করা উচিত।

Teachingbd.com

৫। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ৫ = ৫

(i) অনুচ্ছেদটির মূল বিষয়বস্তু হচ্ছে—

ⓚ মনুষ্যত্ববোধের পরিচয় দান ⓚ ধার্মিকের পরিচয় দান

(ক) মনুষ্যত্ববোধের পরিচয় দান (খ) ধার্মিকের পরিচয় দান
(গ) জ্ঞানীর পরিচয় দান (ঘ) পণ্ডিতের পরিচয় দান

(ii) সত্যিকারের ধার্মিক ব্যক্তি—

(ক) সবাইকে খাবার দেন (খ) সবাইকে সাহায্য করেন
(গ) সবাইকে দয়া দেখান (ঘ) সবাইকে আনন্দ দেন

(iii) বিজ্ঞরা সব সময় কোনটি করেন?

(ক) শত্রুদের এড়িয়ে থাকেন (খ) জীবনের মায়া ত্যাগ করেন
(গ) একাকী পথ চলেন (ঘ) অন্যকে ভালো পরামর্শ দেন

(iv) 'বিজ্ঞ' শব্দটি কোন পদ?

(ক) বিশেষ্য পদ (খ) বিশেষণ পদ
(গ) সর্বনাম পদ (ঘ) অব্যয় পদ

(v) জ্ঞানীরা সব সময় কী করে থাকেন?

(ক) স্বার্থপরতাকে বড় করে দেখেন
(খ) অন্যের উপকারে ব্যস্ত থাকেন
(গ) অপরের জন্য নিজের ক্ষতি করেন
(ঘ) ধার্মিকদের সাথে বন্ধুত্ব করেন

http://teachingbd.com

৬। নিচে কয়েকটি শব্দ এবং শব্দার্থ দেওয়া হলো। উপযুক্ত শব্দটি বসিয়ে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ কর : ১ × ৫ = ৫

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| বিজ্ঞ | জ্ঞানী |
| ধীর | ধৈর্যশীল |
| মূর্খ | বোকা, জ্ঞানহীন |
| বলি | উৎসর্গ করা |
| মন্দ | খারাপ, ভালো নয় এমন |
| জ্ঞানী | প্রজ্ঞাবান, জ্ঞান আছে যার |

(ক) ——— ছেলের সাথে মিশবে না।

(খ) যার ভালো-মন্দ বোধ আছে তাকে ——— বলে।

(গ) ——— লোকের বিপদ কম।

(ঘ) দেশের উন্নয়নের জন্য ——— লোক প্রয়োজন।

(ঙ) যার ভালো-মন্দ বোধ থাকে না তাকে ——— বলে।

৭। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ : ৫ × ৩ = ১৫

(ক) ধার্মিক কে? একজন ধার্মিক ব্যক্তির চারটি গুণের উল্লেখ কর।

(খ) প্রকৃত ধীর কে? তাঁর চারটি গুণের উল্লেখ কর।

(গ) মানুষের জন্য কোন গুণাবলির সাধনা অত্যাবশ্যক? পাঁচটি বাক্যে লেখ।

৮। নিচের যুক্তবর্ণগুলো ভেঙে দেখাও এবং বাক্যে প্রয়োগ কর : ২×৫=১০

(ক) স্ব; (খ) র্খ; (গ) কৃ; (ঘ) প্র; (ঙ) ক্র।

৯। বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ : ৫

কাঞ্চনমালা একদিন নদীর ঘাটে স্নান করতে যান কোথা থেকে জানি একটা মেয়ে এলো এসে তাকে বলে রানির যদি দাসীর দরকার হয় তো সে দাসী হবে

১০। এককথায় প্রকাশ কর : ১ × ৫ = ৫

(ক) যার বিশেষ খ্যাতি আছে

(খ) গলায় গলায় যে ভাব

(গ) বেণুর যে বন

(ঘ) উপস্থিত বিষয়ে বিবেচনার শক্তি

(ঙ) বিস্ময় উদ্রেক করে যা

*অথবা,* নিচের ক্রিয়াপদগুলোর চলিত রূপ লেখ :

(ক) চাহিয়াছিলাম; (খ) করিবে; (গ) হাঁটিতে; (ঘ) করিবে; (ঙ) পাইলাম।

Teachingbd.com

১১। প্রদত্ত শব্দগুলোর বিপরীত শব্দ লেখ : ১ × ৫ = ৫

(ক) প্রস্থান; (খ) শান্ত; (গ) ছোট; (ঘ) চির; (ঙ) পুরাতন।

*অথবা,* প্রদত্ত শব্দগুলোর সমার্থক শব্দ লেখ :

(ক) পৃথিবী; (খ) সঠিক; (গ) গৌরব; (ঘ) ভূলোক; (ঙ) গহ্বর।

১২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ :

(ক) কবিতার লাইনগুলো পর পর সাজিয়ে লেখ : ৬

বলব হেসে তখন।
মুখেতে টুকটুক।
'ভালোবাসার শিল্পী আমি'
সারাদেশের সব ছেলেদের
প্রশ্ন করি যখন
কে তুমি ভাই,

(খ) কবিতাংশটুকু কোন কবিতার অংশ তা লেখ। ১

(গ) কবিতাটির কবির নাম কী? ১

(ঘ) 'ভালোবাসার শিল্পী আমি'— বলতে কী বোঝানো হয়েছে? ২

১৩। তোমার এলাকায় নজরুল একাডেমীতে সদস্যপদ গ্রহণের জন্য নিচের ফরমটি পূরণ কর : ৫

**সদস্য ফরম**

১. নাম : ..................................................
২. পিতার নাম : ..................................................
৩. মাতার নাম : ..................................................
৪. বিদ্যালয়ের নাম : ..................................................
৫. শ্রেণি : ...................... রোল নং : ..............................
৬. জন্ম তারিখ : ............... বয়স : ..................................
৭. প্রিয় শখ : ..........................................................

............................
আবেদনকারীর স্বাক্ষর

১৪। মনে কর, তোমার নাম জলিল/জবা। তুমি পলাশকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয় পঞ্চম শ্রেণির ছাত্র/ছাত্রী। তোমরা স্থানীয় শিক্ষা অফিস কর্তৃক আয়োজিত 'শিক্ষোপকরণ মেলা' দেখতে যেতে চাও। চতুর্থ পিরিয়ডের পর যাবার অনুমতি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ। ৫

TeachingBD.com

*অথবা,* মনে কর, তুমি রাতুল। তোমার বন্ধুর নাম লিমন। সমাপনী পরীক্ষায় চূড়ান্ত সাফল্য লাভের জন্য অভিনন্দন জানিয়ে তাকে একটি চিঠি লেখ।

১৫। নিচের যেকোনো **একটি** বিষয় নিয়ে ২০০ শব্দের মধ্যে রচনা লেখ : ১০

(ক) মানুষের বন্ধু গাছপালা : সূচনা – সবুজের উৎস – বৃক্ষের অর্থনৈতিক গুরুত্ব – গাছপালা পরিবেশের বন্ধু – আমাদের বনভূমি – বনায়নে সামাজিক সচেতনতা সৃষ্টি – সরকারের ভূমিকা – উপসংহার।

(খ) শখের মৃৎশিল্প : ভূমিকা – মৃৎশিল্প কী – মৃৎশিল্পের উপকরণ – পোড়ামাটির প্রাচীন শিল্প – উপসংহার।

(গ) বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ শেখ : ভূমিকা – বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ শেখ – জন্ম ও পরিচয় – কৈশোর ও কর্মজীবন – যেভাবে যুদ্ধ করে প্রাণ দিলেন/মুক্তিযুদ্ধে অবদান – সমাধি – উপসংহার।

(ঘ) অধ্যবসায় : ভূমিকা – অধ্যবসায়ের সুফল – ছাত্রজীবনে অধ্যবসায় – অধ্যবসায় ও প্রতিভা – অধ্যবসায়ের দৃষ্টান্ত – উপসংহার।

## মডেল টেস্ট - ১১ এর উত্তরমালা

১। (i) ঘ বাংলাদেশের প্রত্নতাত্ত্বিক নিদর্শন; (ii) খ প্রায় আড়াই হাজার বছর; (iii) খ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়; (iv) গ হাবিবুল্লাহ পাঠান; (v) গ ১৯৫৬।

২। (ক) উয়ারী-বটেশ্বরের প্রাচীন নিদর্শন সংগ্রহ করেন হাবিবুল্লাহ পাঠান।

(খ) উয়ারী-বটেশ্বর খনন করে আড়াই হাজার বছরের প্রাচীন দুর্গ-নগর পাওয়া যায়। আরও পাওয়া যায় ইটের স্থাপত্য, বন্দর, রাস্তা, গলি, পোড়ামাটির ফলক, মূল্যবান পাথর, পাথরের বাটখারা, কাঁচের পুঁতি, মুদ্রাভাণ্ডার।

(গ) সে সময় শীতলক্ষ্যা নদীর পাড়ে নগর-সভ্যতা ছিল।
এ বিষয়ে ঐতিহাসিকদের ধারণা, ব্রহ্মপুত্র নদ হয়ে বঙ্গোপসাগরের মধ্য দিয়ে ব্যবসা-বাণিজ্য চলত। দক্ষিণ-পূর্ব এশিয়া থেকে সুদূর রোমান সাম্রাজ্য পর্যন্ত 'উয়ারী-বটেশ্বর' রাজ্যের যোগাযোগ ছিল।

৩। (ক) যাঁরা ইতিহাস লেখেন বা ভালো জানেন; (খ) লোকালয়; (গ) পুরাতন বা বহুকাল আগের কিছু; (ঘ) প্রমাণ; (ঙ) ভাবাবিষ্ট বা আচ্ছন্ন হয়ে পড়া।

৪। প্রত্নতাত্ত্বিক নিদর্শন ও নগর-সভ্যতা সম্পর্কে আলোচ্য অনুচ্ছেদটিতে বলা হয়েছে। নরসিংদীর উয়ারী-বটেশ্বর এলাকার স্থানীয় শিক্ষক হানিফ পাঠান ও তাঁর ছেলে হাবিবুল্লাহ পাঠান এ অঞ্চলের প্রত্নতাত্ত্বিক নিদর্শন সংগ্রহ শুরু করেন। ২০০০ সালে খননকাজ করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রত্নতত্ত্বের

http://teachingbd.com

অধ্যাপক সুফি মোস্তাফিজুর রহমান। খনন শেষে যে নিদর্শনগুলো পাওয়া যায় বিশেষজ্ঞরা তাকে আড়াই হাজার বছরের পুরনো বলে ধারণা করেন। পরে জানা যায় এ অঞ্চলে সুসভ্য মানুষের বাস ছিল। এ অঞ্চলের ব্যবসা-বাণিজ্য এশিয়া থেকে রোমান সাম্রাজ্য পর্যন্ত বিস্তৃত ছিল।

৫। (i) ⓚ মনুষ্যত্ববোধের পরিচয় দান; (ii) ⓖ সবাইকে দয়া দেখান; (iii) ⓖ অন্যকে ভালো পরামর্শ দেন; (iv) ⓚ বিশেষণ পদ; (v) ⓚ অন্যের উপকারে ব্যস্ত থাকেন।

৬। (ক) মন্দ; (খ) বিজ্ঞ; (গ) ধীর; (ঘ) জ্ঞানী; (ঙ) মূর্খ।

৭। (ক) যিনি সর্বজীবে দয়া করেন তিনিই ধার্মিক। নিম্নে একজন ধার্মিক ব্যক্তির চারটি গুণের উল্লেখ করা হলো—

১. সদা সত্য কথা বলেন।
২. স্রষ্টার সৃষ্টিকে ভালোবাসেন।
৩. কারো কোনো ক্ষতি করেন না।
৪. সকল জীবের প্রতি দয়া দেখান।

(খ) যিনি বিপদ-আপদে কখনো বিচলিত হন না তিনিই প্রকৃত ধীর। নিম্নে তাঁর চারটি গুণের উল্লেখ করা হলো—

১. বিপদে স্থির থাকেন।
২. বিপদে ভেঙে পড়েন না।
৩. বিপদের সময় মনে সাহস সঞ্চয় করেন।
৪. বিপদকে জয় করে সামনে এগিয়ে যান।

(গ) মানুষের জন্য মনুষ্যত্ব অর্জনের সাধনা বাঞ্ছনীয়। কারণ মনুষ্যত্বহীন মানুষ পশুর সমান। মানুষকে জ্ঞান অর্জন করতে হয় সত্যিকার মানুষ হওয়ার জন্য। যিনি প্রকৃত মানুষ তিনি ভালো-মন্দ বুঝতে পারেন। তিনি দয়ালু ও পরোপকারী হন।

৮।

| প্রদত্ত যুক্তবর্ণ | বিভাজন | বাক্য |
|---|---|---|
| (ক) স্ব | স্ + ্ব (ব-ফলা) | স্বার্থপরতা বড় দোষ। |
| (খ) র্খ | র্ (রেফ) + খ | মূর্খ লোক বিপদে পড়ে। |
| (গ) কৃ | ক্ + ৃ (ঋ-কার) | বাঙালি কৃতজ্ঞ জাতি। |
| (ঘ) প্র | প্ + ্র (র-ফলা) | ভালো হতে চাইলে প্রথমে মিথ্যা ছাড়তে হবে। |
| (ঙ) ক্র | ক্ + ্র (র-ফলা) | ক্রিকেট একটি জনপ্রিয় খেলা। |

৯। সাজেশনস ও উত্তরমালার বিরামচিহ্ন অংশের ১১ নং উত্তর দ্রষ্টব্য।

১০। (ক) বিখ্যাত; (খ) গলাগলি; (গ) বেণুবন; (ঘ) কাণ্ডজ্ঞান; (ঙ) বিস্ময়কর।

*অথবা,* (ক) চেয়েছিলাম; (খ) করবে; (গ) হাঁটবে; (ঘ) দেখব; (ঙ) পেলাম।

১১। (ক) প্রবেশ; (খ) অশান্ত; (গ) বড়; (ঘ) ক্ষণিক; (ঙ) নতুন।

*অথবা,* (ক) বিশ্ব; (খ) যথার্থ; (গ) মহিমা; (ঘ) পৃথিবী; (ঙ) গর্ত।

Teachingbd.com

http://teachingbd.com